

## 'নোটাম' মানেননি পাইলট, ঢাকার ফ্লাইট সিলেটে অবতরণ

- A Monitor Desk Report

Date: 03 May, 2025



ঢাকাঃ হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের একটি নোটাম (নোটিশ টু এয়ারম্যান) না মানায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মদিনা থেকে ঢাকায় ফেরা একটি ফ্লাইট শেষ পর্যন্ত সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করতে বাধ্য হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) এই ঘটনায় জাতীয় পতাকাবাহী সংস্থাটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে বিমান সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছে।

নোটাম বা নোটিশ টু এয়ারমেন হচ্ছে একটি আন্তর্জাতিক সতর্কবার্তা যা যার মাধ্যমে বিমানবন্দর, আকাশপথ বা অবকাঠামো সংক্রান্ত অস্থায়ী পরিবর্তনের কথা জানানো হয়।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, বুধবার ঢাকা বিমানবন্দরের রানওয়ে ১১টা ৪৫ মিনিট থেকে ১২টা ৪৫ মিনিট পর্যন্ত বন্ধ ছিল। পাইলটকে নোটামে বিষয়টি জানানো হয়। কিন্তু পাইলট তা উপেক্ষা করে মদিনা থেকে ঢাকার উদ্দেশে রওনা হয়ে ঢাকার আকাশে প্রবেশ করেন। তবে ঢাকায় অবতরণ করতে পারেননি। ফলে বাধ্য হয়ে ফ্লাইটটিকে সিলেটে অবতরণ করতে হয়।

বিমানের সূত্র জানায়, এসব ক্ষেত্রে সাধারণত পাইলট গন্তব্য থেকে রওনা হওয়ার সময় যদি ঢাকায় পৌঁছানোর সময় হিসাব করে সিদ্ধান্ত নিনেন, তাহলে এই পরিস্থিতি এড়ানো সম্ভব হতো।

উল্লেখ্য, এর আগেও নোটাম উপেক্ষা করে ফ্লাইট পরিচালনার ঘটনা ঘটে বিমানে। সেই ঘটনায় ফ্লাইট সংশ্লিষ্টদের সাময়িক বরখাস্ত করা হয়েছিল।

এসব ক্ষেত্রে সাধারণত পাইলট গন্তব্য থেকে রওনা যদি ঢাকায় পৌঁছানোর সময় হিসাব করে সিদ্ধান্ত নিনেন, তাহলে এই পরিস্থিতি এড়ানো সম্ভব হতো।

ঘটনার তদন্ত ও দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে ইঞ্জিত দিয়েছেন সংশ্লিষ্ট দপ্তর সূত্র।

**-B**